AUG. 04 2006
পৃষ্ঠা ৬ কলাম ৪

# বৃত্তির খবর

## ডাচ্-বাংলা ব্যাংক ফাউন্ডেশনের শিক্ষা বৃত্তি

ডাচ্-বাংলা ব্যাংক দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করেছে। যে সব শিক্ষার্থী ২০০৬ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা বৃত্তির জন্য আবেদন করতে পারবে। সর্বমোট ১৫০ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। এর মধ্যে ছাত্রীদের জন্য বরাদ্দ ৫০%।

আবেদন যোগ্যতা :

১. যেসব শিক্ষার্থী ছয়টি সিটি করপোরেশন এলাকার মধ্যে অবস্থিত স্কুল থেকে বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৪.৮০ পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা আবেদন করতে পারবে।

২. সিটি করপোরেশনের বাইরে অবস্থিত স্কুল থেকে বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৪.৪০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। (জিপিএ চতুর্থ সাবজেক্ট ছাড়া)

৩. মানবিক ও ব্যবসায় শাখায় জিপিএ ৪.৭০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (চতুর্থ বিষয় ছাড়া)। সিটি করপোরেশন এলাকার মধ্যে অবস্থিত স্কুল থেকে।

৪. সিটি করপোরেশন এলাকার বাইরের স্কুল থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা ন্যূনতম জিপিএ ৪.৩০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (চতুর্থ বিষয় ছাড়া)।

বৃত্তির পরিমাণ ও সময় : এইচএসসি লেভেলে অধ্যয়নরত শিক্ষার্থীদের (দুই বছর) মাসিক ১০০০ টাকা করে বৃত্তি প্রদান করা হবে। এছাড়া বার্ষিক বই, খাতাপাত্র ক্রয়ের জন্য ২৫০০ টাকা প্রদান করা হবে।

অন্যান্য শর্ত :

১. বৃত্তি একাডেমিক ফলাফলের ও ভিত্তি করে নবায়ন করা হবে।

২. যেসব শিক্ষার্থী অন্যান্য উৎস থে বৃত্তি পেয়ে তাকে তাদের আবেদন কর প্রয়োজন নেই।

৩. যারা ডাচ্-বাংলা ব্যাংকের বৃত্তি পা তারা অন্য বৃত্তির জন্য আবেদন কর পারবে না।

৪. আবেদনপত্র ডাচ্-বাংলা ব্যাংকের স শাখা থেকে সংগ্রহ করা যাবে।

৫. ৫০% বৃত্তি ছাত্রীদের প্রদান ক হবে।

৬. আবেদনপত্র নিচে উল্লেখিত ঠিকানা ১৪ সেপ্টেম্বর ২০০৬ তারিখের মধে পৌঁছাতে হবে।

আবেদনপত্রের সঙ্গে যা যা জমা দিত হবে :

১. শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়ি ফটোকপি।

২. সকল মার্কশিটের সত্যায়িত কপি।

৩. পিতা/মাতা/অভিভাবকের আয়ে সনদ

৪. চার কপি পাসপোর্ট সাইজে সত্যায়িত ছবি এবং

৫. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানে সুপারিশপত্র।

আবেদনপত্র নিচের ঠিকানায় পৌঁছাত হবে :

কো-অর্ডিনেটর, ডাচ্-বাংলা ব্যাং ফাউন্ডেশন, সেনাকল্যাণ ভবন (৫ তলা), ১৯৫ মতিঝিল সিএ/এ, ঢাকা ১০০০।

❑ জিয়াউর রহমা